

প্রিয় পরিবারবর্গ,

বিগত সপ্তাহান্তে, NYC ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন নিউ ইয়র্ক সিটিতে নোভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রথম ঘটনাটি নিশ্চিত করেছে। যদিও আমরা সকলেই এই মুহূর্তটি যেন না আসে সেই কামনা করছিলাম, তবুও সিটি এটার জন্যে খুঁটিনাটির প্রতি যত্নশীল হয়ে প্রস্তুতি গ্রহণ করেছে। এই মুহূর্তে, সঠিক তথ্যগুলো শোনা এবং আতংকগ্রস্ত না হওয়া খুবই জরুরি। আমাদের প্রথম নিশ্চিত কেইস পাওয়া সত্ত্বেও, নিউ ইয়র্কবাসীদের জন্যে এই ভাইরাসে আক্রান্ত হবার ঝুঁকি কম।

সকল শিক্ষার্থীর স্বাস্থ্য ও নিরাপত্তা অব্যাহতভাবে আমাদের প্রথম প্রাধান্য হিসেবে বিবেচিত। আমরা পরিস্থিতি পর্যবেক্ষণ চালিয়ে যাবার পাশাপাশি, সুনির্দিষ্ট কিছু নিয়ম-নীতি বৃদ্ধি করছি এবং বাড়তি রিসোর্স (সহায়-সংস্থান) প্রদান করছি, এতে অন্তর্ভুক্ত:

- CDC-অনুমোদিত পরিষ্কার করার সামগ্রী প্রদান করা
- সকল বাথরুমে অব্যাহতভাবে সাবান এবং কাগজের টাওয়েল মজুত নিশ্চিত করা, এবং শিক্ষার্থী ও স্টাফদের ঘন ঘন হাত ধোয়ায় উৎসাহিত করা
- স্কুলে অসুস্থতার লক্ষণগুলো শনাক্ত করা এবং রিপোর্ট করার পাশাপাশি, যেকোন অসুস্থ ব্যক্তিকে সাহায্য প্রদান করতে প্রিন্সিপ্যাল এবং স্কুলের নার্সদের প্রয়োজনীয় সংস্থান (রিসোর্স) এবং নির্দেশনা আছে তা নিশ্চিত করা

স্বাস্থ্য দপ্তরের (হেলথ ডিপার্টমেন্ট) সাথে নিবিড়ভাবে কাজ করে, পরিস্থিতি পরিবর্তিত হবার সাথে সাথে আমরা আমাদের নিয়ম-নীতি প্রবর্তন করবো, এবং পিতামাতা ও আমাদের স্কুল কমিউনিটিগুলোতে যেকোন সম্ভাব্য প্রভাব সম্পর্কে অবহিত করবো। সর্বশেষ তথ্য আমাদের ওয়েবসাইটে schools.nyc.gov/coronavirus প্রকাশিত থাকবে।

এই মুহূর্তে স্কুল বন্ধ করার কোনও পরিকল্পনা নেই। এটি একটি চরম পদক্ষেপ যা দৈনন্দিন জীবনের জন্যে বিঘ্নসৃষ্টিকারী হতে পারে, এবং এধরণের সিদ্ধান্ত বাস্তবায়ন করা হবে শুধুমাত্র গণস্বাস্থ্য (পাবলিক হেলথ) বিশেষজ্ঞদের নির্দেশনা অনুযায়ী। মনে করিয়ে দিতে চাই যে, সকল নিউ ইয়র্কবাসীদের সাধারণ ভাইরাল সংক্রমণ প্রতিরোধের পদক্ষেপ নেয়া গুরুত্বপূর্ণ, এতে রয়েছে:

- আপনার কাশি বা হাঁচি একটি টিস্যু অথবা জামার হাতা দিয়ে ঢাকুন
- আপনার হাত নিয়মিত ধুয়ে ফেলুন
- আপনার মুখমন্ডল স্পর্শ করা থেকে বিরত থাকুন
- যারা অসুস্থ তাদের কাছাকাছি সংস্পর্শ থেকে বিরত থাকুন
- আপনার ফ্লু শট নিন – দেরি বলতে কিছুই নেই
- আপনি অসুস্থ অনুভূত হলে বাড়িতে থাকুন। আপনার ডাক্তারকে ফোন করুন এবং তাঁকে আপনার অসুস্থতার লক্ষণগুলো এবং ভ্রমণ ইতিহাস উল্লেখ করুন।

প্রিন্সিপ্যালদের কাছে সর্বশেষ তথ্য এবং যেকোন উদ্ভিত প্রশ্নের উত্তর রয়েছে তা নিশ্চিত করতে আমরা তাদের সাথে সরাসরি এবং নিয়মিত যোগাযোগ রক্ষা করছি। অতিরিক্তভাবে, আমরা সকল পরিবারদের মনে করিয়ে দিতে চাই যে, এই বিষয়ে তারা সর্বশেষ এবং আরো অনেক তথ্য পেতে পারেন NYC স্কুলস্ অ্যাকাউন্ট-এ সাইন আপ করার মাধ্যমে। একটি অ্যাকাউন্ট তৈরি করতে এবং আপনার জরুরি যোগাযোগের তথ্য হালনাগাদ করতে <https://mystudent.nyc/> ভিজিট করুন।

আরো তথ্যের জন্যে, অনুগ্রহ করে এই চিঠির সাথে সংযুক্ত [বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলীর পৃষ্ঠাটি](#) পড়ুন (শুধু ইংরেজিতে), অথবা গুরুত্বপূর্ণ সর্বশেষ তথ্যের জন্যে যেকোন সময় nyc.gov/coronavirus ভিজিট করুন। আমাদের শিক্ষার্থীদের স্বাস্থ্য ও সুরক্ষা অব্যাহতভাবে আমাদের প্রধান প্রাধান্য হিসেবে থাকবে, এবং আমরা সকল নির্দেশনা অনুসরণ করবো ও সেই অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণ করবো।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন